

নোবিপ্রবি/জনওপ্রকা/প্রেসরিজি/২০২৩/১৬৫৬

৩ সেপ্টেম্বর ২০২৩

**সংবাদ বিজ্ঞপ্তি****নোবিপ্রবিতে নবীন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত**

বর্ণাঢ্য আয়োজনে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ২০২২-২৩ শিক্ষাবর্ষের স্নাতক ১ম বর্ষের শিক্ষার্থীদের পরিচিতি সভা (ওরিয়েন্টেশন) অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার (৩ সেপ্টেম্বর ২০২৩) সকালে বিশ্ববিদ্যালয়ের বীর মুক্তিযোদ্ধা হাজী মো. ইদ্রিছ অডিটোরিয়ামে ওরিয়েন্টেশন অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল আলম।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির ভারপ্রাপ্ত সভাপতি এবং ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগের পরিচালক অধ্যাপক ড. বিপ্লব মল্লিকের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবি ট্রেজারার অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর। অর্থনীতি বিভাগের প্রভাষক আফরিদা জিননুরাইন উর্বীর সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন নোবিপ্রবির বিভিন্ন অনুষদের ডিনবন্দ, ইনস্টিটিউটের পরিচালকবন্দ, বিভাগীয় চেয়ারম্যানবন্দ, হলের প্রভোস্টবন্দ, প্রক্টরসহ শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক, কর্মকর্তা ও কর্মচারীবন্দ।

বিশ্ববিদ্যালয়ের ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগ এ অনুষ্ঠানের আয়োজন করে। জাতীয় সংগীত, তথ্যচিত্র প্রদর্শনী ও ফুলেল শুভেচ্ছা বিনিময়ের মধ্য দিয়ে এবারের নবাগতদের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বক্তৃতার শুরুতেই নবাগত শিক্ষার্থীদের শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি নোবিপ্রবির নবীন শিক্ষার্থীর প্রত্যেককে একজন ভালো শিক্ষার্থী ও দেশপ্রেমিক নাগরিক হিসেবে গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেন। নবীন শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, ‘তোমরা তোমাদের আচরণে, ব্যবহারে নিজেদের মেলে ধরবে। শিক্ষকদের নির্দেশনার আলোকে নিজেকে গড়ে তুলবে। চেষ্টা করে যাও ফল আসবেই। বাবা-মা অনেক কষ্ট করে তোমাদের মানুষ করেছেন। তোমাদের নিয়ে তাদের অনেক স্বপ্ন। তোমরা তাদের স্বপ্ন পূরণ করো। শৃঙ্খলা বজায় রাখবে। পড়াশোনার বাইরে খেলাধুলা, বিতর্ক প্রতিযোগিতাসহ সৃজনশীল কাজে অংশ নেবে।’

তিনি আরো বলেন, বাংলাদেশের সৃষ্টি ও এর অগ্রগতির পেছনে একজনই কারিগর। সেই মহাপুরুষ হলেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তোমরা বঙ্গবন্ধুর আদর্শে নিজেদেরকে গড়ে তুলবে। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।’

আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্যে নোবিপ্রবি ট্রেজারার অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর বলেন, ‘নবীন শিক্ষার্থীদের উষ্ণ অভিনন্দন ও শুভেচ্ছা। এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেন মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা। ২০০১ সালে আইন পাশের মাধ্যমে এই বিশ্ববিদ্যালয়ের যাত্রা। দেশসেরা মেধাবী শিক্ষকবন্দ রয়েছেন এখানে। শিক্ষা ও গবেষণার পাশাপাশি মানবকল্যাণেও অবদান রেখে চলেছে নোবিপ্রবি। করোনাকালীন নোবিপ্রবিতে ১ লক্ষাধিক নমুনা পরীক্ষা করা হয়। এতে বৃহত্তর নোয়াখালীর জনগোষ্ঠী উপকৃত হয়। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।’

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন নোবিপ্রবি প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আশিকুর রহমান খান, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আতিকুর রহমান ভূঞা, ব্যবসায় প্রশাসন অনুষদের ডিন অধ্যাপক ড. এস.এম. মাহবুবুর রহমান, সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন, ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজির পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম হোসেন, মাইক্রোবায়োলজি বিভাগের চেয়ারম্যান ও আইকিউএসি পরিচালক, অধ্যাপক ড. ফিরোজ আহমেদ, ভাষা শহীদ আবদুস সালাম হলের প্রভোস্ট অধ্যাপক ড. মো আনিসুজ্জামান, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট ড. অবন্তী বড়ুয়া। এ সময় শিক্ষার্থীদের পক্ষ থেকেও অনুভূতি প্রকাশ করে বক্তব্য প্রদান করা হয়।

সবশেষে অনুষ্ঠানের সভাপতি ও শিক্ষক সমিতির ভারপ্রাপ্ত সভাপতি অধ্যাপক ড. বিপ্লব মল্লিক আয়োজকদের ধন্যবাদ জ্ঞাপন করেন এবং নবীনদের স্বাগত জানান।

R. Kaiser

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

R. Kaiser  
2011  
2013